# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন : ০২৩৩৪৪০৬৩২৮
website : www.comillaboard .gov.bd. E-mail : comillaboard@gmail.com


স্মারক নং: কপ/ছাড়পত্র/২০২৪-২০২৫/৯১৯ তারিখ:০১/১২/২০২৫ খ্রি.

**বিষয়: ২০২৪-২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণির অনলাইন টিসি (ইটিসি) ও বিটিসি (বোর্ড ট্রান্সফার) সংক্রান্ত।**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন টিসি (আসন খালি থাকা সাপেক্ষ) ও বিটিসি (ভিন্ন বোর্ডে ম্যানুয়াল পদ্ধতিতে)-এর কার্যক্রম আগামী ০২/১২/২০২৫ তারিখ থেকে ২৪/১২/২০২৫ তারিখ পর্যন্ত চলবে।

| | | |
|---|---|---|
| শিক্ষার্থী কর্তৃক ইটিসির আবেদন | ০২/১২/২০২৫ | ২১/১২/২০২৫ |
| উৎস কলেজ কর্তৃক অনুমোদনের শেষ তারিখ | ২২/১২/২০২৫ | |
| গন্তব্য কলেজ কর্তৃক অনুমোদনের শেষ তারিখ | ২৩/১২/২০২৫ | |
| শিক্ষার্থী কর্তৃক অনলাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ | ২৪/১২/২০২৫ | |

- ইটিসির কার্যক্রম সম্পূর্ণরূপে অনলাইনে ও বিটিসির কার্যক্রম ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হবে।
- ইটিসির আদেশের পর উৎস কলেজ হতে মূল কাগজপত্র উত্তোলনের পূর্ব পর্যন্ত শিক্ষার্থী উৎস কলেজে অ্যাকাডেমিকসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে।

**অনুসরণীয় বিষয়াবলী:**

১। শিক্ষাবোর্ডের ওয়েবসাইট (www.comillaboard.gov.bd)-এর কলেজ কর্নারে টিসি লিঙ্কে গিয়ে আবেদন করতে হবে।
২। শিক্ষার্থীদের আবেদন গন্তব্য কলেজ অনুমোদনের পর টিসির ফি (৭০০ টাকা) পরিশোধের লিঙ্ক এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
৩। বোর্ডের অনুমোদনের এসএমএস পেলে শিক্ষার্থী অনলাইন থেকে টিসির আদেশ ডাউনলোড করে উৎস কলেজ হতে কাগজপত্র উত্তোলন করে গন্তব্য কলেজে ভর্তি হতে পারবে।
৪। গন্তব্য কলেজ শুধু শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থীর টিসির আবেদন অনুমোদন করতে পারবে; কোনোভাবেই এর বেশি নয়।
৫। ইতঃপূর্বে যারা টিসির মাধ্যমে কলেজ পরিবর্তন করেছে, তারা আর টিসির আবেদন করতে পারবে না।
৬। গন্তব্য কলেজে শিক্ষার্থীর অধ্যয়রত বিষয় না থাকলে টিসির মাধ্যমে ভর্তি হতে পারবে না।
৭। বিটিসি ব্যতিত উক্ত কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের বোর্ডে যোগাযোগের কোনো প্রয়োজন নেই।

**বি. দ্র. শিক্ষা প্রতিষ্ঠানের শীতকালীন ছুটির মধ্যেও টিসি কার্যক্রম চলবে। তাছাড়া, নির্ধারিত সময় শেষ হওয়ার পর টিসি-এর কার্যক্রমের মেয়াদ বাড়ানো হবে না বা আর কোনো সুযোগ দেওয়া হবে না।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০১/১২/২০২৫
(প্রফেসর মোঃ নুরুন্নবী আলম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।

অধ্যক্ষ
(কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাভূক্ত কলেজসমূহ)

০১/১২/২৫

স্মারক নং: কপ/ছাড়পত্র/২০২৪-২০২৫/৯১৯(২) তারিখ:০১/১২/২০২৫ খ্রি.

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
২। অফিস কপি।

০১/১২/২০২৫
(প্রফেসর মোঃ নুরুন্নবী আলম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।

০১/১২/২৫